



স্মারক নং: পিসিবি/২০২৬-০২৩৪

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


**ফার্মেসি স্নাতক (বি. ফার্ম) কোর্সের ক্রেডিট ট্রান্সফারের নীতিমালা, ২০২৫  
(সংশোধিত, ২০২৬)**

সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বি. ফার্ম কোর্সের অভিস্বীকৃতি (Accreditation) ও শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০২৫ এর অনুষ্টেদ ১৬.০ অনুযায়ী নিয়োক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদনকারীকে ক্রেডিট ট্রান্সফারের অনুমোদন দেয়া যেতে পারে:

- (ক) বি. ফার্ম ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ০১ (এক) টি সেমিস্টার সম্পন্ন করতে হবে;
- (খ) বি. ফার্ম ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তালিকাভুক্তি (Student Enrollment) কার্ড সংযুক্ত করতে হবে। বিদেশি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক অভিস্বীকৃত (Accredited) বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফারের ক্ষেত্রে শিক্ষার্থী তালিকাভুক্তি (Student Enrollment) কার্ড প্রযোজ্য নয়। এক্ষেত্রে কাউন্সিল কর্তৃক ক্রেডিট ট্রান্সফারের আবেদন অনুমোদনের পর বিশ্ববিদ্যালয়ের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে শিক্ষার্থী তালিকাভুক্তি (Student Enrollment) কার্ড প্রদান করা হবে;
- (গ) বি. ফার্ম ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ের ছাড়পত্র প্রদান করতে হবে;
- (ঘ) যে বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফার করতে ইচ্ছুক সে বিশ্ববিদ্যালয়ের সম্মতিপত্র জমা দিতে হবে;
- (ঙ) ফার্মেসী কাউন্সিল কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা খালি থাকা সাপেক্ষে সর্বোচ্চ ১০% শিক্ষার্থীকে ক্রেডিট ট্রান্সফারের সম্মতি প্রদান করা যাবে এবং
- (চ) ক্রেডিট ট্রান্সফারে ইচ্ছুক বিশ্ববিদ্যালয়ে মোট ক্রেডিটের ন্যূনতম ৫১% সম্পন্ন করতে হবে।

০২। বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অনুমোদন ব্যতীত ক্রেডিট ট্রান্সফার করা কোনো শিক্ষার্থীকে বি. ফার্ম পাস করার পর 'এ' ক্যাটাগরিতে পেশাগত রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মুহাম্মদ মাহবুবুল হক)  
সচিব  
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল